**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, সোমবার ১১ জানুয়ারি ২০১৬, ২৮ পৌষ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সন্ত্রাসের বিরুদ্ধে জিরো টলারেন্স : প্রধানমন্ত্রী

২। সাইবার অপরাধ দমনে ডিজিটাল নিরাপত্তা আইন হচ্ছে : সর্বোচ্চ শাস্তি ১৪ বছর

৩। ৭২ ঘন্টার মধ্যে ট্যানারি না সরালে বন্ধের নির্দেশ : শিল্পমন্ত্রী

৪। আধুনিক জ্ঞান-বিজ্ঞান ও সংস্কৃতিচর্চায় শ্রেষ্ঠ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় : শিক্ষামন্ত্রী

৫। পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষকদের কর্মবিরতি আজ থেকে শুরু

৬। বাংলা অনুবাদক নিয়োগ দিয়েছে ফেসবুক : ডাক ও টেলিযোগযোগ প্রতিমন্ত্রী

৭। বিচার বিভাগের ক্ষমতা কেড়ে নিতে চাইছে নির্বাহী বিভাগ: প্রধান বিচারপতি

৮। আরো ছয়টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দিয়েছে সরকার

৯। বিশ্ব ইজতেমার প্রথম পর্ব সমাপ্ত : আখেরি মোনাজাতে মুসলিম উম্মাহর শান্তি ও কল্যাণ কামনা

১০। বাংলাদেশ নৌবাহিনীর বহরে যুক্ত হলো চীনের তৈরি দুটি যুদ্ধজাহাজ

১১। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ২ কোটি টাকার ওষুধসহ আটক ১

## ১। সন্ত্রাসের বিরুদ্ধে জিরো টলারেন্স : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে তার সরকারের দৃঢ় অবস্থান ও জিরো টলারেন্স নীতির বিষয়টি পুনর্ব্যক্ত করে বলেছেন, কোনো দেশের বিরুদ্ধে বিচ্ছিন্নতাবাদী কর্মকাণ্ড চালানোর জন্য বাংলাদেশের মাটি কাউকে ব্যবহার করার সুযোগ দেওয়া হবে না। বাংলাদেশে কোনো ধরনের বিদ্রোহ বরদাশত করা হবে না। আমরা এ অঞ্চলে একটি শান্তিপূর্ণ পরিবেশ চাই। গতকাল ১০ জানুয়ারি রোববার গণভবনে ভারতের ত্রিপুরা রাজ্যের বিদ্যুৎ , পল্লী ও নগর উন্নয়ন এবং পরিবহণ মন্ত্রী মানিক দে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭),

**জনকণ্ঠ**(পৃ.১,ক.৩), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭)।

## ২। সাইবার অপরাধ দমনে ডিজিটাল নিরাপত্তা আইন হচ্ছে : সর্বোচ্চ শাস্তি ১৪ বছর

সাইবার অপরাধ দমনের সর্বোচ্চ ১৪ বছরের শাস্তির বিধান রেখে ডিজিটাল নিরাপত্তা আইন করতে যাচ্ছে সরকার। ৫৭ ধারাসহ কয়েকটি বিদ্যমান ধারা আইসিটি আইন থেকে বাদ দিয়ে সেগুলো আরও স্পষ্ট করে নতুন আইন প্রনয়ন করা হবে বলেও জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেন, আইনটির অধীনে 'সাইবার ইমার্জেন্সি রেসপন্স টিম' গঠন করা হবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের তৈরি করা আইনটির খসড়া নিয়ে গতকাল ১০ জানুয়ারি রোববার সচিবালয়ে আইন মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে বৈঠক শেষে তাঁরা সাংবাদিকদের এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **যুগান্তর** (পৃ.১,ক.৬১), **ডেইলি স্টার** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

## ৩। ৭২ ঘন্টার মধ্যে ট্যানারি না সরালে বন্ধের নির্দেশ : শিল্পমন্ত্রী

আগামী ৭২ ঘন্টার মধ্যে হাজারীবাগ থেকে ট্যানারি না সরালে তা বন্ধ করে দেওয়ার নির্দেশ দিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। এ লক্ষ্যে গতকাল ১০ জানুয়ারি রোববার বিসিককে ট্যানারি মালিক বরাবরে উকিল নোটিশ পাঠানোর নির্দেশনা দিয়েছেন তিনি। নির্দিষ্ট সময় অতিবাহিত হওয়ার পরও যারা প্রতিশ্রুতি অনুযায়ী ট্যানারি স্থানান্তরে ব্যর্থ হবে তাদের নামে সাভারের চামড়া শিল্পনগরীতে বরাদ্দকৃত প্লটও বাতিল করে দেওয়ার নির্দেশনা দেন শিল্পমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **সংবাদ** ( পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১) **জনকণ্ঠ, ফিনানশিয়াল এক্সপ্রেস** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

## ৪। আধুনিক জ্ঞান-বিজ্ঞান ও সংস্কৃতিচর্চায় শ্রেষ্ঠ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

**: শিক্ষামন্ত্রী**

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি) আধুনিক জ্ঞান-বিজ্ঞান ও সংস্কৃতিচর্চায় অগ্রদূত। অতি অল্পসময়ের মধ্যেই বিশ্ব দরবারে নিজেদের যোগ্যতা প্রমাণে সক্ষম হয়েছে শাবিপ্রবি। গতকাল ১০ জানুয়ারি রোববার শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সূত্রঃ **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.১), **প্রথম আলো** (পৃ.১,ক.১),**ইত্তেফাক** (পৃ.২,ক.২)।

**৫। পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষকদের কর্মবিরতি আজ থেকে শুরু**

বেতন বৈষম্য নিরসনে পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের দাবি পূরণ না হওয়ায় আজ ১১ জানুয়ারি সোমবার থেকে একযোগে সবকটি বিশ্ববিদ্যালয়ে লাগাতার কর্মবিরতি পালন শুরু করছেন শিক্ষকরা। এ সময়কালে সান্ধ্যকালীন কোর্স পরিচালনা বন্ধসহ সব ক্লাস, পরীক্ষা ও দায়িত্ব পালন থেকে বিরত থাকবেন তারা। তবে চলমান পরীক্ষাগুলো শেষ করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫),

**সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫),**ইত্তেফাক, যুগান্তর, ভোরের কাগজ, ডেইলি সান, নিউ এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।



**৬। বাংলা অনুবাদক নিয়োগ দিয়েছে ফেসবুক : ডাক ও টেলিযোগযোগ প্রতিমন্ত্রী**

জনপ্রিয় সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক বাংলায় লেখা আপত্তিকর কিছু আছে কি না, বোঝার জন্য একজন অনুবাদক নিয়োগ দিয়েছে প্রতিষ্ঠানটি। ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম গতকাল ১০ জানুয়ারি রোববার সচিবালয়ে সাংবাদিকদের এ তথ্য জানিয়েছেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.১৭,ক.৪), **যায়যায়দিন** (পৃ.১,ক.১), **যুগান্তর** ( পৃ.৩,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.১ ক.৭), **ডেইলি সান,** (পৃ.৩,ক.৩)।

**৭। বিচার বিভাগের ক্ষমতা কেড়ে নিতে চাইছে নির্বাহী বিভাগঃ প্রধান বিচারপতি**

নির্বাহী বিভাগ বিচার বিভাগের সব ক্ষমতা কেড়ে নিতে চাইছে বলে অভিযোগ করেছেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা। এই চেষ্টা রুখতে আইনজীবীসহ বিচার বিভাগ সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানান তিনি। গতকাল ১০ জানুয়ারি রোববার আইনজীবী সমিতির নিচতলায় ঢাকা আয়োজিত বইমেলার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.১)।

## ৮।    আরো ছয়টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দিয়েছে সরকার

আরো নতুন ছয়টি বেসরকারি বিশ্ববিদ্যালয় অনুমোদন দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল ১০ জানুয়ারি রোববার সাংবাদিকদের এ কথা জানিয়েছেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব হেলাল উদ্দিন। এই নিয়ে দেশে এখন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ৮৯টি। এ ছাড়া আরো ১১০টি আবেদন প্রক্রিয়াধীন রয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ডেইলি স্টার** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১ ক.৪)।

## ৯।    বিশ্ব ইজতেমার প্রথম পর্ব সমাপ্ত : আখেরি মোনাজাতে মুসলিম উম্মাহর শান্তি ও কল্যাণ কামনা

বিশ্বের লাখ লাখ ধর্মপ্রাণ মুসলমান মহান সৃষ্টিকর্তার প্রতি আনুগত্যের এক অনুপম দৃষ্টান্ত স্থাপনের মধ্যদিয়ে গতকাল ১০ জানুয়ারি রোববার আখেরি মোনাজাতের মাধ্যমে টঙ্গীর তুরাগ নদের তীরে তাবলিগ জামাত আয়োজিত ৫১তম বিশ্ব ইজতেমার প্রথম পর্বের সমাপ্তি ঘটেছে। মোনাজাতে মুসলিম উম্মাহর শান্তি ও কল্যাণ কামনা করা হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **প্রথম আলো** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ,১,ক.৮)।

## ১০।    বাংলাদেশ নৌবাহিনীর বহরে যুক্ত হলো চীনের তৈরি দুটি যুদ্ধজাহাজ

বাংলাদেশ নৌবাহিনীর বহরে যুক্ত হয়েছে চীনের তৈরি দুটি যুদ্ধজাহাজ। ‘স্বাধীনতা’ ও ‘প্রত্যয়’ নামের এ দুটি জাহাজ রোববার চট্টগ্রাম নেভাল জেটিতে এসে পৌঁছায়। চট্টগ্রাম নৌ অঞ্চলের কমান্ডার রিয়াল এডমিরাল আখতার হাবীব প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জাহাজ দুটিকে স্বাগত জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **প্রথম আলো** (পৃ.৪,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

## ১১।    হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ২ কোটি টাকার ওষুধসহ আটক ১

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রিজেন্ট এয়ারওয়েজের দুটি পৃথক ফ্লাইট থেকে ২ কোটি টাকার আমদানি নিষিদ্ধ ওষুধ এবং শাড়িসহ এক ব্যক্তিকে আটক করেছে ঢাকা কাস্টমস্ কর্তৃপক্ষ। গতকাল ১০ জানুয়ারি রোববার রিজেন্ট এয়ারওয়েজের পৃথক দু’টি ফ্লাইটে অভিযান চালিয়ে এসব ওষুধ ও শাড়ি আটক করে। সূত্র-**ইনকিলাব** (পৃ.১২,ক.৮), **যুগান্তর** ( পৃ.২,ক.৮)।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো, ইত্তেফাক, সমকাল, ভোরের কাগজ, যুগান্তর, ইনকিলাব, যায়যায়দিন, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, নিউ নেশন :** সড়ক দুর্ঘটনার কারণে সড়ক মরণ ফাঁদে পরিণত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীনে একটি বিশেষ টাস্কফোর্স গঠন করে এ বিষয়ে অব্যাহতভাবে তদারকি ও নজরদারি চালুর সুপারিশ।

খ. **ইত্তেফাক :** সারা দেশে সংখ্যালঘু সম্প্রদায়ের জমি দখল এবং তাদের ওপর হামলা ও নির্যাতনের নিন্দা জানিয়ে এ ব্যাপারে প্রকৃত দোষী ব্যক্তিদের উপযুক্ত শাস্তির দাবি।

গ. **জনকণ্ঠ :** সড়ক ও জনপথ অধিদফতর রাস্তার ধারের বেদখল জমি ব্যবহার ও বিলবোর্ড এবং বিজ্ঞাপন প্রদর্শনের স্থান ভূমি ব্যবস্থাপনা নীতিমালার আওতায় আনার উদ্যোগ নেওয়ার সিদ্ধান্তটি ইতিবাচক উল্লেখ করে তার সফল বাস্তবায়ন প্রত্যাশা।

ঘ. **ইনকিলাব :** দেশের সার্বিক উন্নয়নে জিডিপি প্রবৃদ্ধির হার বাড়ানোর কোনো বিকল্প নেই বলে মত প্রকাশ।

ঙ. **ডেইলি স্টার :** সারা দেশে প্রায় সাত হাজার ইট ভাটার প্রভাবে বায়ু মারাত্মকভাবে দূষিত হয়ে পড়ার আশঙ্কা করে পরিবেশ অধিদফতরসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ ব্যাপারে বিদ্যমান আইনের কঠোর প্রয়োগসহ নতুন প্রযুক্তি সিলিকেট ও কনক্রিট ব্যবহার করার ওপর গুরুত্বারোপ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** সম্প্রতি ঢাকা মেডিক্যাল কলেজের ওরিয়েন্টেশন প্রোগ্রামে স্বাস্থ্যমন্ত্রী ছাত্রদের সক্রিয় রাজনীতি থেকে বিরত থেকে পাঠ্যপুস্তকে মনোযোগ দেওয়ার যে আহ্বান জানিয়েছেন তা বর্তমান প্রেক্ষাপটে খুবই যথার্থ বলে অভিমত।

ছ. **ডেইলি সান :** দেশের মানুষের গড় আয়ু বেড়ে ৭০.৭ হওয়ার পরিপ্রেক্ষিতে দেশব্যাপী উপযুক্ত স্বাস্থ্য সেবা প্রদান ও জটিল রোগের চিকিৎসায় পর্যাপ্ত ওষুধের ব্যবস্থা করার সুপারিশ।

জ. **নিউ এজ :** দেশে কর্মজীবী নারীর সংখ্যা ক্রমান্বয়ে বেড়ে যাওয়ায় কর্মজীবী মায়েদের জন্য পর্যাপ্ত সংখ্যাক ডে-কেয়ার সেন্টার গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে ফসলি জমিতে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা না করে জাতীয় স্বার্থে ও গণস্বার্থ নিশ্চিত করে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'নির্বাচন কমিশনের প্রশ্নবিদ্ধ সক্ষমতা'** শিরোনামের নিবন্ধে বদিউল আলম মজুমদার একটি সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন আয়োজনের লক্ষ্যে একটি নির্ভুল ভোটার তালিকা তৈরি করা নির্বাচন কমিশনের সাংবিধানিক দায়িত্ব বলে অভিমত প্রকাশ করেছেন ।

#

ফারহানা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা